কার্যপ্রদা
২৫/১০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা।
মিশন অধিশাখা
www.probashi.gov.bd

নং-৪৯.০০৩.০১১.০০.০০.০০২.২০১৩- ৫১২ তারিখ: ২৫/১০/২০১৫ খ্রিঃ

বিষয়ঃ বাংলাদেশ দূতাবাসের বিভিন্ন শ্রম উইংয়ে প্রথম সচিব(শ্রম)/দ্বিতীয় সচিব(শ্রম) পদে নিয়োগ বিজ্ঞপ্তি।

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনস্থ বাংলাদেশ দূতাবাসের বিভিন্ন শ্রম উইংয়ে প্রথম সচিব(শ্রম)/দ্বিতীয় সচিব(শ্রম) পদে কর্মকর্তা নিয়োগের জন্য যোগ্য ও আগ্রহী সরকারী কর্মকর্তাদের নিকট হতে 'জীবন বৃত্তান্ত ছক' অনুযায়ী স্ব-স্ব মন্ত্রণালয়/বিভাগের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিম্নোক্ত বিবরণ ও শর্তাধীনে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে:

ক্রঃ নং	পদ	মিশন	পদের সংখ্যা	যোগ্যতা	কাজের বিবরণ
১	প্রথম সচিব (শ্রম)	বাহরাইন, মালয়েশিয়া এবং ইতালী (রোম)	৩	সিনিয়র সহকারী সচিব বা সমমর্যাদা সম্পন্ন কর্মকর্তা	বাংলাদেশ হতে সংশ্লিষ্ট দেশে নতুন কর্মী নিয়োগের উদ্যোগ গ্রহণ, বিদেশে কর্মরত কর্মীদের সেবামূলক কার্যক্রম গ্রহণ এবং কর্মীদের রেমিটেন্স প্রেরণে সহায়তা প্রদান
২	দ্বিতীয় সচিব (শ্রম)	মালয়েশিয়া, রিয়াদ এবং জেদ্দা	৩	সহকারী সচিব বা সমমর্যাদা সম্পন্ন কর্মকর্তা	

শর্তাবলী :

০১। সকল মন্ত্রণালয়/বিভাগ ও তার অধীনস্থ দপ্তর/সংস্থায় কর্মরত যোগ্য ও আগ্রহী সরকারী কর্মকর্তাগণ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সর্বশেষ আগামী ০৯ নভেম্বর ২০১৫ তারিখের মধ্যে 'জীবন বৃত্তান্ত ছক' (সংযোজনী-১) পূরণপূর্বক সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়কে সম্বোধন করে শিক্ষাগত যোগ্যতার সনদপত্রসমূহের সত্যায়িত ছায়ালিপি ও ০১ (এক) কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবিসহ আবেদন করবেন। আবেদনপত্র নির্ধারিত তারিখের মধ্যে উপসচিব, মিশন অধিশাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন,৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, নিউ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০ এর নিকট পৌছাতে হবে।

০২। আবেদনকারীর চাকুরী স্থায়ী হতে হবে।

০৩। শিক্ষাগত যোগ্যতার ফলাফলে জিপিএ উল্লেখ থাকলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত রূপান্তরিত ডিভিশন/শ্রেণী দাখিল করতে হবে।

০৪। বেসরকারী বিশ্ববিদ্যালয় অথবা বৈদেশিক শিক্ষা প্রতিষ্ঠান থেকে অর্জিত উচ্চ শিক্ষা সংক্রান্ত ডিগ্রীর সনদ পত্রের সাথে উক্ত ডিগ্রীর সমতা সংক্রান্ত সংশ্লিষ্ট কর্তৃপক্ষ (শিক্ষা মন্ত্রণালয়/ইউজিসি) এর প্রত্যয়নপত্র আবেদনের সাথে দাখিল করতে হবে।

০৫। নির্ধারিত সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর অথবা যথাযথ কর্তৃপক্ষের অগ্রায়ন ব্যতিত সরাসরি প্রাপ্ত কোন আবেদনপত্র বিবেচিত হবে না এবং ভুল বা অসম্পূর্ণ তথ্য সম্বলিত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৬। যে সকল কর্মকর্তা ইতিপূর্বে প্রেষণে বা সরকারী পদে বিদেশে চাকরি করেছেন, চাকরি শেষে প্রত্যাবর্তনের ০৩(তিন) বছরের মধ্যে তারা আবেদন করতে পারবেন না। ইতিপূর্বে বিদেশে পদায়নকালে যে পদে/পদমর্যাদায় কাজ করেছেন তার উর্ধ্বতন পদ ব্যতিত সমপর্যায়ের পদের জন্য আবেদন বিবেচিত হবে না।

০৭। যে সকল কর্মকর্তার সরকারি চাকরির অবশিষ্ট মেয়াদ এ আবেদন গ্রহণের শেষ তারিখ হতে ৪(চার) বছরের কম তারা আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না।

০৮। প্রার্থীত পদ ও মিশনের নাম সুনির্দিষ্টভাবে জীবন বৃত্তান্ত ছকে (১৮ নম্বর ক্রমিকে) উল্লেখ করতে হবে। তবে কোন মিশনে পদায়ন করা হবে তা কর্তৃপক্ষের এখতিয়ারে থাকবে।

০৯। ১ জানুয়ারী ১৯৯২ তারিখের পর জন্ম গ্রহণকারী সন্তানসহ যাদের সন্তান সংখ্যা ০২(দুই) এর অধিক তাদের আবেদন বিবেচিত হবে না।

১০। যে সকল কর্মকর্তা ইতোপূর্বে এ মন্ত্রণালয়ের ১৩/০৮/২০১৫ তারিখে জারিকৃত ৪৯.০০৩.০১১.০০.০০.০০২.২০১৩-৪০১নং বিজ্ঞপ্তির প্রেক্ষিতে প্রথম সচিব(শ্রম)/দ্বিতীয় সচিব(শ্রম) পদে আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

১১। পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি হতে পারে।

২৫/১০/১৫
(সুশান্ত কুমার সরকার)
উপ সচিব
ফোন ঃ ৯৩৪৯৪২১
ই-মেইলঃ dsmission.probashi@gmail.com

D:\Mission Folder\MISSION\Circular.docx

বিতরণঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। সিনিয়র সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৪। সিনিয়র সচিব/সচিব .... (সকল) মন্ত্রণালয়/বিভাগ, তাঁর আওতাধীন সকল কর্মকর্তাকে অবহিত করণের অনুরোধসহ)।
৫। অতিরিক্ত সচিব .... (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৬। মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, প্রবাসী কল্যাণ ভবন।
৭। ব্যবস্থপনা পরিচালক, বোয়েসেল/প্রবাসী কল্যাণ ব্যাংক/ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন।
৮। যুগ্ম সচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৯। উপসচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
১০। সিনিয়র সিস্টেমস এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (বিজ্ঞপ্তিটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ জানানো হল)।
১১। সিনিয়র সহকারী সচিব/ সিনিয়র সহকারী প্রধান (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।

নং-৪৯.০০৩.০১১.০০.০০.০০২.২০১৩-৫৭২(৪) তারিখ: ২৫/০৮/২০১৫ খ্রিঃ

অনুলিপি :

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৩। সিনিয়র সহকারী সচিব, আইসিটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (বিজ্ঞপ্তিটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
৪। সংশ্লিষ্ট নথি।

২৫/৮/১৫
(সুশান্ত কুমার সরকার)
উপ সচিব

সংযোজনী-১

জীবন বৃত্তান্ত ছক

০১। নাম ও পরিচিতি নম্বর (যদি থাকে) ঃ
০২। বর্তমান আবাসিক ঠিকানা ঃ
০৩। স্থায়ী ঠিকানা ঃ
০৪। জন্ম তারিখ ঃ
০৫। পদবী এবং বর্তমান কর্মস্থল ঃ
০৬। বর্তমান কর্মস্থলে যোগদানের তারিখ ঃ
০৭। বর্তমান বেতন স্কেল ঃ
০৮। প্রথম শ্রেণীর চাকরিতে যোগদানের তারিখ ঃ
০৯। ক্যাডারের নামসহ ক্যাডারে যোগাদানের তারিখ এবং ক্যাডারে চাকরিকালের সঠিক মেয়াদ ঃ (আবেদনপত্র জমা দেয়ার তারিখ পর্যন্ত)
১০। ইত:পূর্বে যে মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরে কাজ করেছেন তার মেয়াদসহ (তারিখ উল্লেখপূর্বক) বিবরণঃ
১১। বিগত ০৫ (পাঁচ) বছরে যে যে পদে কর্মরত ছিলেন তার নাম ও কর্মস্থলের পূর্ণ ঠিকানা ঃ
১২। শিক্ষাগত যোগ্যতা ঃ (এসএসসি হতে মাষ্টার্স ডিগ্রী পর্যন্ত প্রতিটি পরীক্ষায় অর্জিত শ্রেণি/বিভাগ উল্লেখ করতে হবে)
১৩। প্রশিক্ষণ সংক্রান্ত বিবরণ ঃ

প্রশিক্ষণ	প্রশিক্ষণের নাম (ইনস্টিটিউশনের নামসহ)	প্রশিক্ষণের মেয়াদ	প্রশিক্ষণের বিবরণ
(ক) স্থানীয় (খ) বিদেশী			

১৪। বাংলা ও ইংরেজী ব্যতিত অন্যান্য ভাষায় দক্ষতাঃ (সার্টিফিকেট/ডিপ্লোমা ও মেয়াদ উল্লেখ করতে হবে)
১৫। বিদেশে ইতিপূর্বে পদায়নকৃত হলে তার বিবরণ (যদি থাকে)ঃ
১৬। বিবাহিত/ অবিবাহিত ঃ
১৭। সন্তান সংখ্যা ঃ (প্রত্যেক সন্তানের নাম ও জন্ম তারিখ উল্লেখ করতে হবে)
১৮। প্রার্থীত পদ ও মিশনের নাম ঃ
১৯। অন্যান্য বিষয় (যদি থাকে) ঃ

আবেদনকারীর নামসহ স্বাক্ষর
ফোনঃ অফিসঃ
বাসা ঃ
মোবাইলঃ
ই-মেইল ঃ